

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৮২

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭১. পুরুষাঙ্গ স্পর্শ করলে অযু নষ্ট না হওয়া প্রসঙ্গে

باب الرُّخْصَةِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا مُلَازِمُ بْنُ عَمْرِو الْحَنَفِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ بَدْرٍ، عَنْ قَيْسِ بْنِ طَلْق، عَنْ أَبِيهِ، قَالَ قَدِمْنَا عَلَى نَبِيِّ اللهِ صلى الله عليه وسلم فَجَاءَ رَجُلُ كَأَنَّهُ بَدُويٌّ فَقَالَ يَا نَبِيَّ اللهِ مَا تَرَى فِي مَسِّ الرَّجُلِ ذَكَرَهُ بَعْدَ مَا يَتَوَضَّأُ فَقَالَ " هَلْ هُوَ إِلَّا مُضْغَةٌ مِنْهُ " . أَوْ قَالَ - " بَضْعَةٌ مِنْهُ " .

_ صحيح

قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ هِشَامُ بْنُ حَسَّانَ وَسُفْيَانُ التَّوْرِيُّ وَشُعْبَةُ وَابْنُ عُيَيْنَةَ وَجَرِيرٌ الرَّازِيُّ عَنْ مُحَمَّدِ بْنِ جَابِرٍ عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ

বাংলা

১৮২। কায়িস ইবনু তালক থেকে তাঁর পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হলাম। তখন সম্ভাব্য এক বেদুইন ব্যক্তি এসে জিজ্ঞাসা করল, হে আল্লাহর রসূল! কোন ব্যক্তি অযু করার পর নিজ পুরুষাঙ্গ স্পর্শ করলে তার ব্যাপারে আপনার অভিমত কি? তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ওটা তো তার শরীরের মাংসের একটি টুকরা বা অংশ মাত্র।[1]

সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, হাদীসটি কায়িস ইবনু তালক হতে মুহাম্মাদ ইবনু জাবির সূত্রে হিশাম ইবনু হাসসান, সুফিয়ান সাওরী, শু'বাহ, ইবনু 'উয়াইনাহ এবং জারীর আর-রাযী প্রমূখ বর্ণনা করেছেন।



English

Narrated Talq:

We came upon the Prophet of Allah (ﷺ). A man came to him: he seemed to be a bedouin. He said: Prophet of Allah, what do you think about a man who touches his penis after performing ablution? He (ﷺ) replied: That is only a part of his body.

Abu Dawud said: The tradition has been transmitted through a different chain of narrators.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ যৌনাঙ্গ স্পর্শ করলে উযু করতে হবে না হাঃ ৮০), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ লজ্জাস্থান স্পর্শ করলে উযু না করা, হাঃ ১৬৫), এবং নাসায়ী 'সুনানুল কুবরা' (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ১৬০), সকলেই ইবনু 'আমর আল হানাফী সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ কায়েস ইবনে তালক (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন